# AKASHVANI KOLKATA

## Regional News Unit

**Date: 04.07.2026** **Time: 1:30**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থানের যোধপুর বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করেছেন। সন্ধ্যায় তিনি গুজরাট যাবেন। #সোমবার তিনি ছ'দিনের ইন্দোনেশিয়া, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড সফর শুরু করবেন।

২/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক পাকিস্তান ভিত্তিক ২৩ জন ব্যাক্তিকে সন্ত্রাসবাদী হিসেবে ঘোষণা করেছে।

৩/ ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আজ দুদিনের মধ্য প্রদেশ সফর শুরু করেছেন।

৪/ ইরানের প্রয়াত সর্বচ্চো নেতা আয়াতোল্লাহ খামেনেই-এর শেষকৃত্য আজ তেহেরানে অনুষ্ঠিত হচ্ছে। #ভারতের প্রতিনিধিত্ব করছেন বিহারের রাজ্যপাল অবসরপ্রাপ্ত লেফটেনেন্ট জেনেরাল সৈয়দ আতা হাসনাইন এবং বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মারগারিটা।

৫/ স্বামী বিবেকানন্দের প্রয়াণ দিবসে দেশবাসী আজ সশ্রদ্ধ চিত্তে তাঁকে স্মরণ করছে।

# উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রীর শ্রদ্ধার্ঘ্য।

৬/ বিশ্বকাপ ফুটবলে, আজ রাতে রাউন্ড অফ সিক্সটিনের প্রথম খেলায় কানাডা, মরক্কোর বিরুদ্ধে খেলবে। অন্য ম্যাচে, প্যারাগুয়ে, ফ্রান্সের বিরুদ্ধে খেলবে।

******************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজস্থানের যোধপুর বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করেছেন। ৪৮০ কোটি টাকার নির্মিত এই টার্মিনাল দিয়ে বছরে ২০ লক্ষ যাত্রী যাতায়াত করতে পারবেন। যোধপুরে প্রধানমন্ত্রী সংশোধিত উড়ান প্রকল্পেরও সূচনা করেন।

রাজস্থানের বালোত্রায় প্রধানমন্ত্রী পেট্রো কেমিক্যাল, পরিবহন, রেল, সড়ক, পুননবীকরণযোগ্য শক্তি সহ এক লক্ষ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়ন মূলক প্রকল্পেরও শিলান্যাস এবং উদ্বোধন করেন। তিনি বালোত্রা শোধনাগারে একটি গাছের চারা রোপণ করেন। পরে তিনি জয়পুর মেট্রো রেল প্রকল্পের দ্বিতীয় পর্যায়েরও শিলান্যাস করবেন। এই প্রকল্পের মাধ্যমে শিল্প এবং আবাসিক অঞ্চলের মধ্যে যোগাযোগ স্থাপন করা সম্ভব হবে। এই প্রকল্পে ৩৬ টি স্টেশন থাকবে। খরচ পড়বে ১৩ হাজার কোটি টাকা।

আজ সন্ধ্যায় প্রধানমন্ত্রী গুজরাটে যাবেন। সেখানে সানন্দে সিজি সেমি আউটসোর্স সেমি কনডাক্টর অ্যাসেম্বলি অ্যান্ড টেস্ট ফেসিলিটির সূচনা করবেন। এর মাধ্যমেই ভারতের সেমি কনডাক্টর উত্পাদনের নতুন দিগন্ত উন্মোচিত হবে। এই প্রকল্পের জন্য ৭ হাজার ৫০০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার ৬ দিনের ইন্দোনেশিয়া, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড সফর শুরু করবেন। নতুন দিল্লীতে গত সন্ধ্যায় বিদেশমন্ত্রকের পূর্বাঞ্চলীয় সচিব রুদ্রেন্দ্র ট্যান্ডন জানিয়েছেন, আগামী ৬ থেকে ৮ই জুলাই শ্রী মোদী ইন্দোনেশিয়া থাকবেন। তাঁর কর্মসূচী মূলত জাকার্তায় হলেও শ্রী মোদী সাংস্কৃতিক ও ঐতিহাসিক শহর যোগ্যাকার্তায় যাবেন। সেখানেই শ্রী মোদী পরমবানান মন্দির ঘুরে দেখবেন। শ্রী ট্যান্ডন জানিয়েছেন, ভারত ও ইন্দোনেশিয়া সেখানে যৌথভাবে সংরক্ষনমূলক কাজ করবে। ২০২৫ সালের সাধারণতন্ত্র দিবসের প্রধান অতিথি হিসেবে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রাবোওর সফরের সময় থেকে শুরু হওয়া দ্বিপাক্ষিক অংশীদারীত্ব এগিয়ে নিয়ে যেতে এই সফর সহায়ক হবে। তিনি বলেন, ইন্দোনেশিয়া, মালাক্কা সামূদ্রিক জলপথে নিরাপত্তা ও সুস্থিতি বজায় রাখার বিষয়ে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এই জলপথ ভারতের কাছেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। শুধুমাত্র ভারতের জন্য নয়, এই জলপথ আন্তর্জাতিক অর্থনীতির কাছেও তাতপর্যপূর্ণ।

শ্রী ট্যান্ডন বলেন, সফরের দ্বিতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী মোদী আগামী ৮ থেকে ১০ই জুলাই যাবেন অস্ট্রেলিয়ায়। সেখানেই পৌঁছে শ্রী মোদী মেলবোর্নে তৃতীয় ভারত – অস্ট্রেলিয়া বার্ষিক শিখর সম্মেলনে যোগ দেবেন। গুরুত্বপূর্ণ খনিজ, সাইবার নিরাপত্তা, সরবরাহ শৃঙ্খল, উদ্ভূত প্রযুক্তি এবং অন্যান্য নানা ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক বাড়িয়ে তুলতে সম্মালনে আলোচনা হবে।

অন্যদিকে, সফরের শেষ পর্যায়ে চলতি মাসের ১০ থেকে ১২ তারিখ পর্যন্ত নিউজিল্যান্ড সফর করবেন। সেদেশের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সনের সঙ্গে বৈঠক করবেন তিনি। ৪০ বছরের মধ্যে এই প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রী নিউজিল্যান্ড সফর করবেন বলে পূর্বাঞ্চলীয় সচিব জানিয়েছেন।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পেরুর রাষ্ট্রপতি নির্বাচনে জয়লাভের জন্য কেইকো ফুজিমোরিকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন, ভারত পেরুর সঙ্গে ঘনিষ্ট সম্পর্ককে বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। এছাড়া দুই দেশের মধ্যে বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক অংশিদারিত্ব আরও শক্তিশালী করে তুলতে বদ্ধপরিকর। শ্রী মোদী, শ্রীমতী ফুজিমোরির রাষ্ট্রপতিত্বের মেয়াদের কামনা করেছেন এবং দু দেশের মধ্যে সম্পর্ক গভীরতর করার লক্ষ্যে কাজ করার বিষয়ে আশা প্রকাশ করেছেন।

*************************************************************************

ভেনেজুয়েলার বিদেশমন্ত্রী ইভান গিল সে দেশে ভয়াবহ ভূমিকম্পে ভারতের সহায়তার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং ভারত সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তিনি আজ অপারেশন আমিস্তাদের অন্তর্গত,

ভারতীয় সেনাবাহিনীর ফিল্ড হাসপাতাল পরিদর্শন করেন। তিনি বলেন, প্রতিদিন এই ফিল্ড হাসপাতালে ৪ শো জনের চিকিৎসা করা হচ্ছে।

উল্লেখ্য, ভেনেজুয়েলায় দুটি ভয়াবহ ভূমিকম্পের পর, অপারেশন আমিস্তাদের আওতায় ভারত সরকার সেনাবাহিনীর একটি বিশেষ দল মোতায়েন করে।

****************************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক পাকিস্তান ভিত্তিক ২৩ জন ব্যাক্তিকে ভারতীয় আইনে সন্ত্রাসবাদী হিসেবে ঘোষণা করেছে। এরা সকলেই নিষিদ্ধ জঙ্গি সংগঠন Jaish-e-Mohammad, Lashkar-e-Taiba সহ বিভিন্ন ভারত বিরোধী সংগঠনের সঙ্গে যুক্ত। এদের বিরুদ্ধে জম্মু কাশ্মীরে অনুপ্রবেশ, বেআইনি অস্ত্র সরবরাহ, আচমকা হামলা চালানো সহ বিভিন্ন ধরণের কাজকর্মে জড়িত থাকার অভিযোগ রয়েছে। সন্ত্রাসবাদী ঘোষিত হওয়ার ফলে জাতীয় তদন্ত সংস্থা এই সব ব্যাক্তি ও সংগঠনের আর্থিক ও অস্ত্র শস্ত্র লেনদেন বন্ধে কার্যকর ব্যাবস্থা নিতে পারবে। Unlawful Activities (Prevention) Act – UAPA-র আওতায় এই ঘোষণা করা হয়েছে।

****************************************************************************

ভারত ও ইসরায়েলের মধ্যে দ্বিপাক্ষিক বিনিয়োগ চুক্তি আজ থেকে কার্যকর হয়েছে। ২০২৫ সালের সেপ্টেম্বর মাসে নতুন দিল্লিতে এই চুক্তিটি স্বাক্ষরিত হয়। অর্থ মন্ত্রক জানিয়েছে, দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্ক জোরদার করার পাশাপাশি নিরাপদ বিনিয়োগ পরিবেশ নিশ্চিত করার ক্ষেত্রে এই চুক্তিটি একটি যুগান্তকারী পদক্ষেপ। মন্ত্রকের পক্ষ থেকে আরও বলা হয়েছে, এই চুক্তিটি বিনিয়োগ এবং বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষিত করবে। অর্থ মন্ত্রক আশা প্রকাশ করে বলেছে, এই চুক্তিটি দুই দেশের মধ্যে পারস্পরিক বিনিয়োগ বৃদ্ধি করতে এবং ভারত ও ইসরায়েলের অর্থনৈতিক অংশীদারিত্বকে সুদৃঢ় করবে।

****************************************************************************

ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার দু'দিনের মধ্যপ্রদেশ সফর শুরু করেছেন। এই পদে দায়িত্ব ভার গ্রহণের পর এই প্রথম তিনি মধ্যপ্রদেশ যাচ্ছেন। সফরের প্রথম দিনে শ্রী কুমার, ইন্দোরে বুথ স্তরের আধিকারিক বি এল ও-দের এক সম্মেলনে যোগ দেবেন। ইন্দোর, উজ্জয়িনী, দেওয়াস এবং খান্ডওয়ার দেড় হাজারের বেশী বি এল ও-দের সঙ্গে সরাসরি মতো বিমিনয় করবেন তিনি। সফরের দ্বিতীয় তথা শেষ দিনে তিনি ওঙ্কারেশ্বর ও মহেশ্বরের মতো ধর্মীয় এবং ঐতিহাসিক স্থান পরিদর্শন করবেন।

****************************************************************************

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ আজ দিল্লিতে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার অংশ হিসেবে তাঁর ফর্ম জমা দিয়েছেন। তিনি এই খবর জানিয়ে বলেছেন, সমস্ত নাগরিকের সক্রিয় ভাবে SIR প্রক্রিয়ায় অংশ নেওয়া উচিৎ।

****************************************************************************

পশ্চিমবঙ্গ বিধানসভা আগামী ১০০ দিনের মধ্যেই সম্পূর্ণ কাগজবিহীন বা 'পেপারলেস' হয়ে উঠবে বলে অধ্যক্ষ রথীন্দ্র বসু জানিয়েছে। নিউটাউন বিধায়কদের দু'দিনের প্রশিক্ষণ কর্মসূচির দ্বিতীয় দিনে তিনি একথা জানান।
অধ্যক্ষ বলেন, কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজুর উদ্যোগে ইতিমধ্যেই সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। কেন্দ্রীয় সরকার প্রয়োজনীয় অর্থও মঞ্জুর করেছে। সব কিছু পরিকল্পনা অনুযায়ী এগোলে আগামী ১০০ দিনের মধ্যেই পশ্চিমবঙ্গ বিধানসভা সম্পূর্ণ কাগজবিহীন হয়ে যাবে। সমস্ত নথিপত্র, কার্যসূচি এবং অন্যান্য কাজ ডিজিটাল মাধ্যমে সম্পন্ন হবে।
বিধানসভার মর্যাদা, গণতান্ত্রিক মূল্যবোধ এবং আইন প্রণয়নের প্রক্রিয়া সম্পর্কে বিধায়কদের আরও দক্ষ করে তুলতে প্রশিক্ষণের প্রক্রিয়া ধারাবাহিকভাবে চলবে।  ভবিষ্যতেও ছোট ছোট পরিসরে এই ধরনের প্রশিক্ষণ দেওয়া হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন। প্রয়োজনে দেশের বিভিন্ন রাজ্যের অধ্যক্ষ বা বিশেষজ্ঞদের আমন্ত্রণ জানানো হবে।

**************************************************************************

ইরাণের প্রাক্তন সর্বোচ্চ নেতা আয়াতোল্লা সৈয়দ আলী খামেনেই-এর শেষকৃত্য আজ তেহেরানে সম্পন্ন হবে। লক্ষ লক্ষ শোকসন্তপ্ত মানুষ এই অনুষ্ঠানে যোগ দিয়েছেন । এর প্রেক্ষিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। বরিষ্ঠ ইরানী নেতা, সেনা কম্যান্ডার এবং বিদেশী অভ্যাগতরা তেহেরানের গ্র্যান্ড মোসাল্লায় প্রয়াত নেতার প্রতি শেষ শ্রদ্ধা জানান। শ্রদ্ধা জানিয়েছেন সেদেশের রাষ্ট্রপতি মাসুদ পেজেস্কিয়ান, লোকসভার অধ্যক্ষ মোহম্মদ বাঘের গালিবাফ, বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি এবং রেভলিউশন্যারি গার্ডের কম্যান্ডার আহমেদ ভাহিদি।
ভারতের পক্ষ থেকে বিহারের রাজ্যপাল লেফটেন্যান্ট জেনারেল সৈয়দ আতা হাসনাইন এবং বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘারিটা শেষকৃত্যে উপস্থিত রয়েছেন।

**************************************************************************

আফ্রিকার কঙ্গোয় ইবোলা আক্রান্তের সংখ্যা বেড়ে দেড় হাজার ছাড়িয়েছে। এই রগে ইতিমধ্যেই ৪ শো ৭৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। বিশ্ব স্বাস্থ্য সংগঠন WHO এই সংক্রমণকে উদ্বেগজনক বলে জানিয়েছে। কঙ্গোর স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গেছে,বরতমানে সে দেশে ৬ শো ২৮ জন রোগীকে পৃথক ভাবে চিকিৎসা করা হচ্ছে। সে দেশের পূর্বাঞ্চলীয় Ituri এবং উত্তর Kivu-তে সংক্রমণ ছড়িয়ে পড়েছে। প্রতিবেশী উগান্ডাতেও ২০ জনের দেহে ইবোলা ভাইরাস সঙ্ক্রমণের খবর জানা গেছে। দুই দেশের মধ্যে সীমান্তে নাগরিকদের জাতায়াতেরপর কড়া নজরদারি চালানো হচ্ছে। WHO-র মহানির্দেশক Tedros Adhanom Ghebreyesus জানিয়েছেন ইবোলা সঙ্ক্রমণের চিকিৎসার জন্য দুটি ভ্যাক্সিনের পরীক্ষামূলক প্রয়োগ শুরু হয়েছে।

**************************************************************************

আন্তর্জাতিক পারমানবিক শক্তি সংস্থা (IAEA) জানিয়েছে, রাশিয়া-ইউক্রেন সংঘাত শুরু হওয়ার পর থেকে এই নিয়ে ২১ বার ইউক্রেনের জাপোরিঝিয়া পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের মূল বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়েছে। এই ঘটনার ফলে পারমাণবিক নিরাপত্তার বিষয়ে উদ্বেগ তৈরি হয়েছে।

IAEA-এর মহাপরিচালক রাফায়েল গ্রসি এই পারমাণবিক কেন্দ্রে দুর্ঘটনা এড়াতে উভয় দেশের সামরিক বাহিনীকে সতর্ক থাকার কথা বলেছেন।

****************************************************************************

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আহমেদাবাদ থেকে মুম্বাইয়ের মধ্যে হাই স্পিড রেল করিডর নির্মাণের কাজ ২০২৯ সালের মধ্যে শেষ হবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন। আজ আহমেদাবাদে, গুজরাটের বিভিন্ন রেল প্রকল্পে অগ্রগতি পর্যালোচনার পর শ্রী বৈষ্ণো সাংবাদিকদের জানান এই প্রকল্পের কাজ অত্যন্ত দ্রুত গতিতে এগিয়ে চলেছে। গুজরাটের মধ্যে এই প্রকল্পের ৮০ শতাংশের কাজ সম্পুর্ন হয়েছে বলে তিনি জানিয়েছেন।

****************************************************************************

শ্রী রাম জন্মভূমি তীর্থ ক্ষেত্রে ট্রাস্ট রাম লালার মন্দিরে অনুদানের অর্থ সম্পদ নয় ছয় নিয়ে বিশেষ তদন্তকারী দলের রিপোর্ট আলোচনার জন্য আগামীকাল এক বৈঠক ডেকেছে। এই বৈঠকে প্রশাসনিক এবং ট্রাস্টের আর্থিক লেনদেন বিষয়েও আলোচনা হবে। এ ছাড়াও ট্রাস্টের সাধারণ সম্পাদক চম্পত রাই এবং অন্যতম ট্রাস্টি, ডঃ অনিল মিশ্রের পদত্যাগ বিষয়েও আলোচনা হবার কথা রয়েছে।

****************************************************************************

আন্তর্জাতিক সমবায় দিবস উপলক্ষে উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ সমবায়কর্মী, মহিলা ও ক্ষুদ্র উদ্যোক্তা এবং কৃষকদের শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় উপ-রাষ্ট্রপতি বলেন, দেশের 'সহকার' বা পারস্পরিক সহযোগিতার সভ্যতাগত চেতনার ওপর ভিত্তি করে গড়ে ওঠা সমবায় ব্যবস্থা কৃষক, মহিলা ও ক্ষুদ্র উদ্যোক্তাদের ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।
কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায়মন্ত্রী অমিত শাহ বলেন, সমবায় হলো ভারতের সংস্কৃতি, সম্মিলিত শক্তি এবং আত্মনির্ভরশীলতার ভিত্তি।

****************************************************************************

স্বামী বিবেকানন্দের প্রয়াণ দিবস উপলক্ষ্যে দেশবাসী আজ সশ্রদ্ধ চিত্তে তাঁকে স্মরণ করছে। ১৯০২ সালের আজকের দিনেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

**উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন**, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সমাজ মাধ্যমে স্বামী বিবেকানন্দের স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা নিবেদন করেছেন। এক বার্তায় উপরাষ্ট্রপতি, স্বামী বিবেকানন্দকে একজন মহান দেশপ্রেমিক, দার্শনিক এবং আধ্যাত্মিক দূরদর্শী হিসেবে অভিহিত ক'রে বলেন, স্বামী

বিবেকানন্দ ভারতের চেতনাকে পুনরুজ্জীবিত করার পাশাপাশি দেশের শাশ্বত জ্ঞান ভাণ্ডার আন্তর্জাতিক দরবারে পৌঁছে দিয়েছিলেন।

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী** সমাজ মাধ্যমে এক বার্তায় স্বামী বিবেকানন্দের উদ্দেশে প্রণাম জানিয়ে বলেন, ভারতীয় সংস্কৃতি, আধ্যাত্মিকতা ও জাতীয় চেতনাকে বিশ্বব্যাপী স্বীকৃতি এনে দেওয়ার ক্ষেত্রে তাঁর অবদান অতুলনীয়। তাঁর প্রজ্ঞা ও চিন্তাধারা আজও লক্ষ লক্ষ তরুণকে পথ দেখাচ্ছে। উন্নত ভারত গড়ার সংকল্প বাস্তবায়নে বিবেকানন্দের বাণী দেশবাসীকে সর্বদা নতুন দিশা দেখাবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহও স্বামী বিবেকানন্দের প্রয়াণ দিবসে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় তিনি বলেছেন, স্বামীজি বেদান্ত দর্শন এবং ভারতীয় জ্ঞান চর্চার ঐতিহ্যে যুব সম্প্রদায়ের মধ্যে দেশপ্রেমের চেতনার সঞ্চার করেছেন।

*****************************************************************************

বিশ্বকাপ ফুটবলে, আজ রাতে রাউন্ড অফ সিক্সটিনের প্রথম খেলায় কানাডা, মরক্কোর বিরুদ্ধে খেলবে। হিউস্টন স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত সাড়ে ১০ টায়।

অন্য ম্যাচে, প্যারাগুয়ে, ফ্রান্সের বিরুদ্ধে খেলবে। ফিলাডেফিয়া স্টেডিয়ামে খেলা শুরু হবে রাত আড়াইটেয়।

রাউন্ড অফ থার্টি টু-র শেষ ম্যাচে, আজ, কলম্বিয়া, ঘানাকে ১-০ গোলে হারিয়ে রাউন্ড অফ সিক্সটিনে উঠেছে। এদিকে, রুদ্ধশ্বাস ম্যাচে, অতিরিক্ত সময়ের খেলায়, আর্জেন্টিনা, কাবো ভার্দেকে ৩-২ গোলে হারিয়ে রাউন্ড অফ সিক্সটিনে উঠেছে। গতরাতের অন্য খেলায়, পেনাল্টি শ্যুট আউটে, মিশর,  অস্ট্রেলিয়াকে হারিয়ে রাউন্ড অফ সিক্সটিনে পৌঁছেছে।

রাউন্ড অফ সিক্সটিনে, আর্জেন্টিনা, মিশরের ও কলম্বিয়া, সুইজারল্যান্ডের মুখোমুখি হবে।

*****************************************************************************